রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১, ২০২৬

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১২ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৮ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৮৩-আইন/২০২৬।—নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ (২০০৯ সনের ৫ নং আইন) এর ধারা ১৯, ধারা ৯ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, নির্বাচন কমিশন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ এর অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) তফসিল-১ এর—

(ক) ক্রমিক নং-৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৪) এবং উহার বিপরীতে কলাম (২), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৪।	যুগ্মসচিব	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা পদে অন্যূন ২ (দুই) বৎসরের সন্তোষজনক চাকরি অথবা উপসচিব/পরিচালক/সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/পরিচালক (জনসংযোগ) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১৮ (আঠারো) বৎসরের সন্তোষজনক চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের যুগ্মসচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে।

";

মূল্য : টাকা ৮.০০

(খ) ক্রমিক নং ৫৮ এর পর নিম্নরূপ ক্রমিক নং (৫৮ক) এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

"৫৮ক।	রিসিপশনিস্ট	৩২ (বত্রিশ) বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে:** (১) ডেসপাস রাইডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি বা দপ্তরী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি বা অফিস সহায়ক পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকরি; (২) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (৩) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (২) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (৩) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

";

(গ) ক্রমিক নং-৭৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(২) তফসিল-২ ও ৩ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-২ ও ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তফসিল-২
[বিধি ২(ঘ), তফসিল-১ এর ক্রমিক নং ৫৭ ও ৫৮ক দ্রষ্টব্য]

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রিসিপশনিস্ট পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
	(ক) লিখিত পরীক্ষা	১০০	৫০%	৯০ মিনিট
১।	বাংলা	৩০		
২।	ইংরেজি	৩০		
৩।	গণিত	২০		
৪।	সাধারণ জ্ঞান	২০		
	(খ) মৌখিক পরীক্ষা	১০		
	সর্বমোট	১১০		

ব্যাখ্যা : (১) লিখিত পরীক্ষা এবং তফসিল-৩ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে;

(২) কম্পিউটারে এম এস অফিসসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

তফসিল-৩

[বিধি ২(ঘ), তফসিল-১ এর ক্রমিক নং ৫৭ ও ৫৮ক এবং তফসিল-২ দ্রষ্টব্য]

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রিসিপশনিস্ট পদে নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি

পদের নাম	ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার মোট নম্বর	বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার মোট নম্বর	প্রতি বিষয়ে পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজি পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রিসিপশনিস্ট	২০ শব্দ	২০ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

ব্যাখ্যা : (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে; এবং

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আখতার আহমেদ
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd